গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-১ শাখা

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “১১টি মডার্ন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন” (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ১২ ডিসেম্বর ২০২৩ খ্রি: |
| সভার সময় | সকাল ১১:০০ টা |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রথমে তিনি প্রজেক্ট স্টিয়ারিং কমিটির পূর্ববর্তী সভার কার্যবিবরণীর বিষয়ে কারও কোন মতামত থাকলে সেটি জানানোর জন্য অনুরোধ করেন। কারও কোন মতামত না থাকায় সেটি দৃঢ় করা হয়। অতঃপর তিনি প্রকল্প পরিচালককে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক জানান যে, আলোচ্য প্রকল্পটির মেয়াদ জানুয়ারি ২০১৯ হতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত নির্ধারিত রয়েছে। এ প্রকল্পের আওতায় নির্মাণাধীন ১১টি স্টেশনের মধ্যে ০৮টি স্টেশনের অবকাঠামো নির্মাণ সম্পন্ন হয়েছে। স্টেশনগুলো যথাক্রমে: রুপপুর (গ্রীনসিটি) পাবনা, সারাবো (কাশিমপুর), গাজীপুর; গাজীপুর চৌরাস্তা, গাজীপুর; সাভার সেনানিবাসস্থ জিরাবো; কাচঁপুর ব্রিজ নারায়ণগঞ্জ; কর্ণফুলী, চট্টগ্রাম; রাজেন্দ্রপুর চৌরাস্তা, গাজীপুর এবং কোনাবাড়ী, গাজীপুর।

তন্মধ্যে কর্ণফুলী, চট্টগ্রাম স্টেশনের কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। হস্তান্তরযোগ্য ০১টি স্টেশন কাচঁপুর ব্রিজ নারায়ণগঞ্জ, ডিসেম্বর ২০২৩ এর মধ্যে হস্তান্তর কার্যক্রম সম্পন্ন করা হবে মর্মে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী অবহিত করেছেন। অপর ০৩টি স্টেশনের নভেম্বর ২০২৩ পর্যন্ত অগ্রগতি যথাক্রমে: শিবু মার্কেট নারায়ণগঞ্জ ৮৫%; কালুরঘাট, চট্টগ্রাম ৯৫%; রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র পাবনা ৮৭%। ২০২৩-২৪ অর্থ বছরে প্রকল্পের অনুকূলে ছাড়কৃত অর্থ ৮২৭৪.০০ লক্ষ টাকা। তন্মধ্যে নভেম্বর ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৫১৯২৪.৪২ লক্ষ টাকা। অগ্রগতি ৮৪.১৩%।

০৩। প্রকল্প পরিচালক সভায় আরো জানান যে, পিছিয়ে পড়া ০৩টি স্টেশনের মধ্যে ০২টি স্টেশন রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র, পাবনা এবং কালুরঘাট চট্টগ্রাম মডার্ণ ফায়ার স্টেশনের নির্মাণ কাজের অগ্রগতি

সন্তোষজনক। নির্ধারিত প্রকল্প মেয়াদ ডিসেম্বর ২০২৩-এ নির্মাণ কাজ সম্পন্ন হবে মর্মে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী অবহিত করেছেন । অপরটি শিবু মার্কেট ফতুল্লা, নারায়ণগঞ্জ মডার্ণ ফায়ার স্টেশনের নির্মাণের সর্বশেষ অগ্রগতি সভায় উপস্থিত নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নারায়ণগঞ্জ উল্লেখ করবেন। শিবু মার্কেট ফতুল্লা, নারায়ণগঞ্জ মডার্ণ ফায়ার স্টেশনের পরিদর্শনকালীন কাজের গতি সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়েছে।

০৪। সভাপতি এ পর্যায়ে পিছিয়ে পড়া ৩টি স্টেশনের নির্মাণ কাজের সর্বশেষ অগ্রগতি সভায় উপস্থাপন করার জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তরকে আহ্বান জানান। এ পর্যায়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর জানান যে, কালুরঘাট, চট্টগ্রাম এবং রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র পাবনা মডার্ণ ফায়ার স্টেশনের নির্মাণকাজ ইতোমধ্যেই শেষ পর্যায়ে রয়েছে। শিবু মার্কেট ফতুল্লা মডার্ণ ফায়ার স্টেশন নারায়ণগঞ্জ এর কাজের অগ্রগতি সন্তোষজনক। ডিসেম্বর ২০২৩ এর মধ্যে নির্মাণকাজ সম্পন্ন করা যাবে। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নারায়ণগঞ্জ সভায় জানান যে শিবু মার্কেট ফতুল্লা মডার্ণ ফায়ার স্টেশনের টাইলসের কাজ ৮০% সম্পন্ন হয়েছে, চৌকাঠ প্রতিস্থাপন করা হয়েছে। অবশিষ্ট টাইলস স্থাপন ও ঢালায়ের কাজ আগামী ০৭ দিনের মধ্যে শেষ হবে। রং এর কাজে একটু সময় লাগবে। । এ পর্যায়ে সভাপতি রং এর কাজের বিষয়ে সর্বাধুনিক প্রযু্ক্তির অভিজ্ঞতা সভায় অবহিত করেন। তিনি প্রকল্পের নির্মাণকাজ ডিসেম্বর ২০২৩ এর মধ্যে সম্পন্ন করে প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।

০৫। প্রকল্প পরিচালক সভায় জানান যে, ০৫ প্রকার অগ্নি নির্বাপন সরঞ্জামাদি ডিপিপিতে যার প্রাক্কলিত মূল্য ৬.৩৫ লক্ষ টাকা। একাধিকবার অন্যান্য প্যাকেজের সাথে উন্মুক্ত দরপত্র আহ্বান করা সত্ত্বেও সংগ্রহ করা সম্ভব হয়নি। তাই উক্ত সরঞ্জামাদিসমূহ সংগ্রহ আইটেম থেকে অব্যহতি প্রদানের জন্য উপস্থাপন করেন। প্রকল্প পরিচালক সভায় আরো জানান যে, গাজীপুর চৌরাস্তা মডার্ণ ফায়ার স্টেশনের অতিরিক্ত গেইটটি সড়ক ও জনপথ বিভাগের মূলসড়কের মুখোমুখি নির্মাণের জন্য ০.০২২২ একর জমি অধিগ্রহণ এখনো সম্পন্ন হয়নি। এছাড়া অধিকতর সুবিধার জন্য অতিরিক্ত একটি গেইট নির্মাণের প্রস্তাব ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে করা হয়। এছাড়াও ডিপিপিতে প্রশিক্ষণ খাত বরাদ্দ ১০০.০০ লক্ষ টাকা সংস্থান থাকা সত্ত্বেও অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বৈদেশিক প্রশিক্ষণ স্থগিতের নির্দেশনা থাকায় বাস্তবায়ন সম্ভব হয়নি।

০৬। সভাপতি এ পর্যায়ে প্রকল্প পরিচালকের কাছে জানতে চান যে, গাজীপুর চৌরাস্তা মডার্ণ ফায়ার স্টেশনের অতিরিক্ত গেইটের জন্য জমি অধিগ্রহণ করা হয়েছে কিনা। প্রকল্প পরিচালক জানান যে, এখনো জমি অধিগ্রহণ করা সম্ভব হয়নি। সরকারি অকৃষিখাস জমি বন্দোবস্তের মাধ্যমে মডার্ণ ফায়ার স্টেশনটি নির্মাণ করা হয়েছে। এ পর্যায়ে সুরক্ষা সেবা বিভাগের পরিকল্পনা অধিশাখার যুগ্মসচিব সভায় জানান যে, গাজীপুর চৌরাস্তা মডার্ণ ফায়ার স্টেশন হতে বাহির হওয়ার অধিকতর সুবিধার জন্য অতিরিক্ত গেইটটি সড়ক ও জনপথ বিভাগের রাস্তার মুখোমুখি নির্মাণের জন্য অন্য কোন প্রকল্প অথবা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের রাজস্ব/উন্নয়ন বাজেট থেকে জমি অধিগ্রহণসহ নির্মাণকাজ সম্পন্ন করা যেতে পারে।

সভাপতি গাজীপুর চৌরাস্তায় পুকুর সংলগ্ন মডার্ণ ফায়ার স্টেশন আদলে ফায়ার স্টেশন নির্মাণ করার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। প্রতিটি ফায়ার স্টেশনে পানির উৎস থাকা বাঞ্ছনীয়।

এ পর্যায়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক প্রকল্পটি নির্ধারিত সময়ে বাস্তবায়ন করায় সভাপতিকে বিশেষভাবে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জনান। এছাড়াও গাজীপুর চৌরাস্তা মডার্ণ ফায়ার স্টেশনের অতিরিক্ত গেইটটি অন্য কোন প্রকল্পের মাধ্যমে বাস্তবায়ন করার বিষয়ে মতামত দেন।

০৭। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় জনান যে, কালুরঘাট ও কর্ণফুলি চট্টগ্রাম মডার্ণ ফায়ার স্টেশন পরিদর্শনকালে দেখা যায় যে, রাস্তা সংলগ্ন এলাকা নিচু থাকায় জলাবদ্ধতার সৃষ্টি হতে পারে। জলাবদ্ধতা নিরসনে মাটি ভরাটের বিষয়টি যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। অতিরিক্ত সচিব অগ্নি সভায় জানান যে, প্রকল্পটি যথাসময়ে বাস্তবায়ন হওয়ায় বর্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদনে আশা করা যায় সুরক্ষা সেবা বিভাগ অনেক এগিয়ে থাকবে। আইএমইডি'র মহাপরিচালক সভায় যথাসময়ে প্রকল্পের পিসিআর জমা প্রদানের পরামর্শ প্রদান করেন। এ পর্যায়ে সভাপতি প্রকল্পটি নির্ধারিত মেয়াদে সমাপ্ত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

০৮। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিভাবে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়;

৮.১ গণপূর্ত অধিদপ্তরের অর্থের চাহিদা মোতাবেক প্রকল্প মেয়াদে আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক অর্থ ছাড়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;


৮.২ রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র, পাবনা; কালুরঘাট চট্টগ্রাম মডার্ণ ফায়ার স্টেশন ও শিবু মার্কেট ফতুল্লা, নারায়ণঞ্জ মডার্ণ ফায়ার স্টেশনের নির্মাণ কাজ ডিসেম্বর ২০২৩ এর মধ্যে শেষ করতে হবে;

৮.৩ গাজীপুর চৌরাস্তা মডার্ণ ফায়ার স্টেশনের অতিরিক্ত গেইটটি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অন্য কোন প্রকল্প অথবা রাজস্ব খাত হতে ভূমি অধিগ্রহণসহ গেইটটি বাস্তবায়ন করতে হবে;

৮.৪ প্রকল্পের পিসিআর যথাসময়ে প্রদানে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;

৮.৫ প্রকল্পের ক্রয় কার্যক্রমসমূহ পিপিআর ২০০৮ ও পিপিএ ২০০৬ মোতাবেক সম্পন্ন করতে হবে।

০৯। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে পুনরায় ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০৯.১৯.১৯৯

তারিখ: ৪ পৌষ ১৪৩০
১৯ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, অর্থ বিভাগ

২) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন

৩) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন

৪) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন

৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

৬) অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ

৮) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

৯) যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।

১০) যুগ্ম সচিব, বাজেট-২ অধিশাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১) যুগ্মপ্রধান, সাধারণ অর্থনৈতিক বিভাগ, আগারগাঁও, ঢাকা।

১২) যুগ্মপ্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, আগারগাঁও, ঢাকা।

১৩) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ

১৪) যুগ্মসচিব, অগ্নি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

১৫) পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও প্রশিক্ষণ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।


১৬) তত্ত্বাবধায়ক স্থপতি, সার্কেল-৫, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা।

১৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

১৮) প্রকল্প পরিচালক (১১ মর্ডাণ প্রকল্প), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

১৯) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

২০) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ



মোঃ মোশাররফ হোসেন

উপসচিব